

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

## গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

সদর দপ্তর, রাজেন্দ্রপুর, গাজীপুর।



দপ্তর নং-২৭.১২.৩৩.৩০.৫২৪.১৫.০০২.১৭.৫৩১

### নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ০৯ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ  
২৪ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে লোকবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল	বয়স
০১	অফিস সহকারক	০২	কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে প্রার্থীকে অবশ্যই সং, বিপুল, পরিশ্রমী ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। প্রার্থীর সুন্দর শারিরিক গঠন, স্ত্রীম দেহের অধিকারীসহ ব্যক্তিগত সম্পন্ন হতে হবে। বাই-সাইকেল চালনায় পানদশী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।	১৫,৫০০/- ২৭,৮৫০/-	প্রার্থীর বয়স ২৪/০৯/২০১৭খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণাদি আবেদনপত্রের সহিত সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর শিথিলযোগ্য।
০২	ড্রাইভার	০১	সাবলীলভাবে বাংলা, ইংরেজি শব্দ, সংখ্যা, দিক, চিহ্ন, নির্দেশিকা, পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। প্রার্থীকে বৈধ ড্রাইভিং লাইসেন্স হতে হবে এবং BRTA কর্তৃক সত্যায়িত অনুশিক্ষিত আবেদনপত্রের সহিত জমা দিতে হবে। প্রার্থীকে যে কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ি চালনা সহ রক্ষনাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। এই ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের কর্মকালকে অভিজ্ঞতার কার্যকাল হিসেবে গণ্য করা হবে। বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। প্রার্থীকে সুবাস্ত্রের অধিকারীসহ স্বাভাবিক দৃষ্টি সম্পন্ন হতে হবে।	১৬,৬০০/- ২৯,৯০০/-	ঐ

#### শর্তাবলীঃ-

- ০১। অগ্রাহী প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ইত্যাদি উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের অনুলিপি, পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি ও অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে)। জাতীয় পরিচয়পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ কমিশনারের নিকট থেকে জাতীয়তার সনদপত্র এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সহিত সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০২। আবেদনপত্র নিম্নোক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে:  
আবেদন ফরম বিআরইবি এর ওয়েব সাইট [www.reb.gov.bd](http://www.reb.gov.bd) হতে Download করে পূর্ণ সাপেক্ষে প্রয়োজনীয় কাগজ পত্রসহ আগামী ২৪/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।
- ০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতনসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনকালীন সময়ে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্টসহ বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে অত্র সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী একই পদে চাকুরীতে নিয়মিত করা যেতে পারে।
- ০৪। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৫। জেলা কোর্টার প্রাপ্যতা অনুযায়ী শুধুমাত্র ঢাকা, মুন্সীগঞ্জ, শরিয়তপুর, নেত্রকোনা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট, সুনামগঞ্জ, নোয়াখালী, লক্ষীপুর, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নাটোর, চাপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, বাঘেরহাট, যশোর, ঝিনাইদহ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ০৬। অত্র সমিতির ভৌগলিক এলাকা; অর্থাৎ সদর উপজেলার মির্জাপুর, ভবানীপুর, রাজেন্দ্রপুর, ভাওয়ালগড়, পিরুজালী, কাপাসিয়া ও শ্রীপুর (আংশিক) এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আবেদনকারীর পিতা/মাতা, পিতামহ/মাতামহ কে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ এর সত্যায়িত কপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর স্বাক্ষর ও মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত)।
- ০৮। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। কোনরূপ তথ্য গোপন করে নিয়োগ লাভ করলে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুতসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত অন্য কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোর্টা পূর্ণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।
- ১১। নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

টেলিফোন : ০২-৯২০১৭৮৩  
E-Mail : gazipbs2@gmail.com

(প্রকৌ. মোঃ হাসান শাহ্ নাওয়াজ)  
জেনারেল ম্যানেজার